

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড
বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd



নং-৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০২১- ৪০৫

তারিখঃ

৩০ চৈত্র ১৪২৭
২৬ এপ্রিল ২০২১

আদেশ নামা

যেহেতু জনাব মোঃ জিল্লুর রহমান, সর্বপ্রধান কারারক্ষী, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার এর কর্তব্যকালীন ০৬-৩-২০২১ তারিখ হাজতী বন্দি নং ২৫৪৭/২০২১ মোঃ ফরহাদ হোসেন ও রুবেল (২০), পিতা-শুকুর আলী ভান্ডারী, গ্রাম-মীরের কান্দি, থানা-রায়পুরা, জেলা-নরসিংদী চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার হতে পলায়ন করতে সক্ষম হয়; এবং

যেহেতু উক্ত ঘটনায় কারা অধিদপ্তর কর্তৃক কারা উপ মহাপরিদর্শক, খুলনা বিভাগকে সভাপতি করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক সরেজমিনে তদন্তে জনাব মোঃ জিল্লুর রহমান, সর্বপ্রধান কারারক্ষী এর দায়িত্ব ও কর্তব্যে অবহেলার প্রমাণ পাওয়া গিয়েছে; এবং

যেহেতু কারাভ্যন্তরে বন্দিদের নিরাপদ আটক নিশ্চিত করা সহ সার্বিক বিষয়ে নজরদারির অন্যতম প্রধান দায়িত্ব সর্বপ্রধান কারারক্ষীর হওয়া সত্ত্বেও তিনি দায়িত্ব ও কর্তব্য পালনে চরম অবহেলা করেছেন; এবং

যেহেতু তিনি প্রধান কারারক্ষী ও কারারক্ষীদের দায়িত্ব সঠিকভাবে তদারকির ক্ষেত্রে ব্যর্থতার পাশাপাশি নিজ দায়িত্ব পালনে চরম ব্যর্থতার পরিচয় দিয়েছেন; এবং

যেহেতু জনাব মোঃ জিল্লুর রহমান, সর্বপ্রধান কারারক্ষী জেলারের অনুপস্থিতিতেই কারাগারে আনলক ঘন্টা বাজানোর নির্দেশ দেন যা বিধি পরিপন্থী; এবং

যেহেতু হাজতী বন্দি নং ২৫৪৭/২০২১ মোঃ ফরহাদ হোসেন ও রুবেল (২০) কে ছাদে দেখা ও ছাদ থেকে লাফ দেয়ার বিষয়টি তাকে কর্ণফুলী ওয়ার্ডের বন্দিরা অবহিত করলেও তিনি তার যথেষ্ট গুরুত্ব দেননি যা তার দায়িত্ব ও কর্তব্যে অবহেলা প্রমাণ করে; এবং

যেহেতু তার উপরোক্ত কার্যকলাপ কারাবিধি ১ম খন্ডের ১৮৯, ১৯১(১), ১৯২(১), ২০০(১), ৩৫৬ ধারা লঙ্ঘনের মত গুরুতর অপরাধ এবং কারাবিধির আলোকে তাকে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করতঃ বিভাগীয় মামলা বুজু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সেহেতু জনাব মোঃ জিল্লুর রহমান, সর্বপ্রধান কারারক্ষী, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারকে কারাবিধি ১ম খন্ডের ১৯৪ বিধি মোতাবেক সরকারি চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতাদি প্রাপ্য হবেন।

এ আদেশ অবলিখে কার্যকর হবে।

মোঃ মোমিনুর রহমান মামুন
রিগেডিয়ার জেনারেল ২৬.৪.২১
কারা মহাপরিদর্শক।
ig@prison.gov.bd

নং-৫৮.০৪.০০০০.০২৮.০৫.০০১.২০২১- ৪০৫/১

তারিখঃ

৩০ চৈত্র ১৪২৭
২৬ এপ্রিল ২০২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। কারা উপমহাপরিদর্শক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম;
- ৩। সিনিয়র জেল সুপার, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার;
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম;
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। শাখা প্রধান, সংস্থাপন শাখা-২, কারা অধিদপ্তর, ঢাকা;
- ৭। জনাব মোঃ জিল্লুর রহমান, সর্বপ্রধান কারারক্ষী, চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার।

মোঃ মোমিনুর রহমান মামুন
রিগেডিয়ার জেনারেল ২৬.৪.২১
কারা মহাপরিদর্শক।
ig@prison.gov.bd